# ENFOQUE

Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Project | PKSF
Environment Club | July 2026


# পরিবেশ ক্লাব: স্থানীয় উদ্যোগে সবুজ ভবিষ্যৎ

## পরিবেশ ক্লাব কী?





পরিবেশ রক্ষা, সম্পদ সাশ্রয় এবং সবুজ উৎপাদন চর্চা জনপ্রিয় করতে SMART প্রকল্পের আওতায় সহযোগী সংস্থা পর্যায়ে গড়ে উঠেছে পরিবেশ ক্লাব। এ ক্লাব ক্ষুদ্র-উদ্যোক্তা, সমাজের বিভিন্ন শ্রেণির প্রতিনিধি এবং সাধারণ মানুষকে একত্রিত করে পরিবেশ সচেতনতা বৃদ্ধিতে কাজ করছে।

## পরিবেশ ক্লাবের লক্ষ্য

- পরিবেশ দূষণ রোধ
- পরিচ্ছন্ন ও সম্পদ সাশ্রয়ী উৎপাদন (RECP)
- প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ
- জলবায়ু সহনশীল কমিউনিটি গঠন

## এক নজরে পরিবেশ ক্লাব (মে ২০২৬ পর্যন্ত)




## পরিবেশ ক্লাব কীভাবে কাজ করে?

SMART প্রকল্পের আওতায় প্রতিটি প্রধান (লিড) ক্লাস্টারে একটি মডেল পরিবেশ ক্লাব এবং অন্যান্য ক্লাস্টারে পরিবেশ ক্লাব গঠন করা হচ্ছে। প্রতিটি ক্লাবে ন্যূনতম ২০ জন এবং সর্বোচ্চ ৫০ জন সদস্য অন্তর্ভুক্ত থাকেন। ক্লাব পরিচালনার জন্য একটি কমিটি গঠিত হয়, যেখানে একজন চেয়ারপার্সন এবং প্রকল্পের একজন কর্মকর্তা সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ক্লাবে স্থানীয় জনগণ ও ক্ষুদ্র-উদ্যোক্তারা সক্রিয়ভাবে যুক্ত থাকেন। প্রতি মাসে নিয়মিত সভা আয়োজনের মাধ্যমে পানি ও জ্বালানি সাশ্রয়, বর্জ্য ব্যবস্থাপনা, দূষণ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য ও স্যানিটেশন, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু সহনশীলতা বিষয়ে আলোচনা করা হয়।



## অন্তর্ভুক্তিমূলক উদ্যোগ

পরিবেশ ক্লাবের অন্যতম বৈশিষ্ট্য হলো এর অন্তর্ভুক্তিমূলক চরিত্র। বিশেষভাবে নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে প্রতিটি ক্লাবে ধীরে ধীরে অন্তত ৫০ শতাংশ নারী সদস্য অন্তর্ভুক্ত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। একই সঙ্গে নিরাপদ ও বৈষম্যহীন কর্মপরিবেশ নিশ্চিত করতে লিঙ্গভিত্তিক সহিংসতা (GBV), যৌন শোষণ ও নির্যাতন (SEA/SH) প্রতিরোধ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRM), শিশু শ্রম প্রতিরোধ এবং আচরণবিধি বিষয়ে নিয়মিত সচেতনতামূলক আলোচনা সভায় বাধ্যতামূলক করা হয়েছে।




## দিবস উদ্‌যাপন ও জনসম্পৃক্ততা

পরিবেশ ক্লাবের অন্যতম শক্তি হলো স্থানীয় পর্যায়ে জনসম্পৃক্ততা। বিশ্ব পরিবেশ দিবস, বিশ্ব পানি দিবস, বিশ্ব নারী দিবস, বিশ্ব মাটি দিবস এবং আন্তর্জাতিক বন দিবস উপলক্ষ্যে ক্লাবগুলো শোভাযাত্রা, পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপণ কর্মসূচি, আলোচনা সভা এবং শিক্ষা প্রতিষ্ঠানে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করে। পাশাপাশি, যুব সম্প্রদায়কেও যুক্ত করতে রয়েছে নানা উদ্যোগ। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিভিন্ন এলাকায় শোভাযাত্রা, গাছের চারা বিতরণ এবং পরিচ্ছন্নতা কার্যক্রম স্থানীয় পর্যায়ে ইতিবাচক সাড়া তৈরি করেছে।




## তরুণদের সম্পৃক্ততা: পরিবর্তনের শক্তি

পরিবেশ রক্ষার আন্দোলনে তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করতে পরিবেশ ক্লাব বিশেষ গুরুত্ব দিচ্ছে। স্থানীয় তরুণদের নিয়ে সচেতনতা শোভাযাত্রা, বৃক্ষরোপণ, পরিবেশবান্ধব আচরণ প্রচার এবং পরিচ্ছন্নতা অভিযানের মতো উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে। এ ধরনের কার্যক্রম তরুণদের মধ্যে দায়িত্ববোধ তৈরি করার পাশাপাশি স্থানীয় পরিবেশগত সমস্যা সম্পর্কে বাস্তব জ্ঞান অর্জনের সুযোগ দিচ্ছে। ফলে পরিবেশ ক্লাব শুধু একটি সংগঠন হিসেবেই সীমাবদ্ধ থাকছে না, বরং একটি সামাজিক আন্দোলনে রূপ নিচ্ছে, যেখানে স্থানীয় জনগণ নিজেরাই পরিবর্তনের অংশীদার হয়ে উঠছেন।

সচেতনতা শোভাযাত্রা · বৃক্ষরোপণ কর্মসূচি · গাছের চারা বিতরণ · পরিচ্ছন্নতা অভিযান




## টেকসই ভবিষ্যতের পথে

এই উদ্যোগের মাধ্যমে স্থানীয় পর্যায়ে পরিবেশ সচেতনতা যেমন বৃদ্ধি পাচ্ছে, তেমনি সম্পদ সাশ্রয়ী উৎপাদন, দূষণ হ্রাস এবং টেকসই ক্ষুদ্র উদ্যোগ গড়ে তোলার ক্ষেত্রেও বাস্তব পরিবর্তন আসছে। পরিবেশ ক্লাব প্রমাণ করছে পরিবেশ সংরক্ষণ কেবল নীতিগত বিষয় নয়; বরং সম্মিলিত উদ্যোগ, স্থানীয় জনসাধারণের অংশগ্রহণ এবং স্থানীয় নেতৃত্বের মাধ্যমেই একটি টেকসই ও সহনশীল ভবিষ্যৎ নির্মাণ সম্ভব।

সবুজ উৎপাদন, সচেতন সমাজ এবং অংশগ্রহণমূলক উদ্যোগ – এই তিন ভিত্তির ওপর দাঁড়িয়ে পরিবেশ ক্লাব গড়ে তুলছে একটি পরিবেশবান্ধব আগামী।




**Published by**
Project Management Unit (PMU)
Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Project
Palli Karma-Sahayak Foundation (PKSF)

**Address**
PKSF Bhaban-1, Plot: E-4/B
Agargaon Administrative Area
Sher-e-Bangla Nagar, Dhaka-1207